

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৫

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো প্রত্যুষে কাঙ্খিত লক্ষ্য পূরণ না হলে আক্ষেপ না করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ قِلَّةِ التَّلَهُّفِ عِنْدَ فَوْتِهِ الْبُغْيَةَ فِي غَدُوهِ

আরবী

705 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَاصِمٍ عَنْ زِرِّ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَارٍ فَنَزَلَتْ عَلَيْهِ {وَالْمُرْسَلَاتِ عَرُفًا} عُرْفًا} [المرسلات: 1] فَأَخَذْتُهَا مِنْ فِيهِ وَإِنَّ فَاهُ رَطْبٌ بِهَا فَمَا أَدْرِي بِأَيّها خَتَمَ {فَبِأَيِّ عُرْفًا} عَرْفًا} [المرسلات: 1] فَأَخَذْتُها مِنْ فِيهِ وَإِنَّ فَاهُ رَطْبٌ بِهَا فَمَا أَدْرِي بِأَيّها خَتَمَ {فَبِأَيِّ حَدِيثٍ بَعْدَهُ يُوْمِنُونَ} [المرسلات: 50] أَوْ {إِذَا قِيلَ لَهُمُ ارْكَعُوا لَا يَرْكَعُونَ} وَسَيَقَتْنَا حَيَّةٌ فَدَخَلَتْ فِي جُحْرٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وُقِيلُتم شَرَّهَا كما وُقِيَتْ شرَّكم) وَسَلَّمَ: (وُقِيلُتم شَرَّهَا كما وُقِيَتْ شرَّكم) الراوي : عَبْد اللَّهِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 705 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭০৫. আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে একটি গুহায় ছিলাম, সেসময় তাঁর উপর অবতীর্ণ হয়:

وَالْمُرْسَلَاتِ عُرْفًا

অর্থ: "শপথ বায়ুর (অথবা ফেরেস্তাদের অথবা রাসূলগণের), যা (অথবা যাদেরকে) একের এক প্রেরণ করা হয়েছে।" (সূরা আল মুরসালাত: ১।) অতঃপর আমি সূরাটি তাঁর মুখ থেকে শুনে মুখস্থ করি। এসময় তাঁর মুখ এই সূরা তেলাওয়াতে প্রাণবন্ত ছিল। আমি জানি না, তিনি কোন আয়াত দিয়ে সূরা শেষ করেছেন; এই আয়াত:

فَبِأَيِّ حَدِيثٍ بَعْدَهُ يُؤْمِنُونَ



অর্থ: "এরপর তারা আর কোন বাণীর প্রতি বিশ্বাস স্থাপন করবে?" (সূরা আল মুরসালাত: ৫০।) নাকি এই আয়াত:

إِذَا قِيلَ لَهُمُ ارْكَعُوا لَا يَرْكَعُونَ

অর্থ: "যখন তাদেরকে বলা হয়, "তোমরা রুকু করো", তারা রুকু করে না।" (সূরা আল মুরসালাত: ৪৮।) অতঃপর একটা সাপ বের হয়ে আমাদের সামনে আসে তারপর একটি গর্তে ঢুকে যায়।তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা তার অনিষ্ট থেকে বেঁচে গেলে, যেমনিভাবে সে তোমাদের অনিষ্ট থেকে বেঁচে যায়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩৭৭; তাবারানী, আল কাবীর: ১০১৫৪।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ২৭০০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন